

ডেস্ক রিপোর্ট | অর্থনীতি | 29 June, 2025

নতুন ২০২৫-২৬ অর্থবছরের প্রথমার্ধের মুদ্রানীতি ঘোষণা করা হতে পারে জুলাইয়ের দ্বিতীয় সপ্তাহে। বাংলাদেশ ব্যাংক জানিয়েছে, মূল্যস্ফীতি জুনে কাক্ষিত হারে কমলে নীতিতে কিছুটা শিথিলতা আসতে পারে, অন্যথায় সংকোচনমুখী অবস্থান বজায় থাকবে।

বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র আরিফ হোসেন খান বলেন,

“মূল্যস্ফীতি যদি জুনের মধ্যে ৬-৭ শতাংশে নেমে আসে, তবে নীতিতে পরিবর্তনের সম্ভাবনা আছে। না হলে আগের সিদ্ধান্তই বহাল থাকবে।”

বর্তমানে মূল্যস্ফীতি, জিডিপি ও বেসরকারি খাতে ঋণের প্রবাহ লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জিত হয়নি। তবে বিনিময় হার রয়েছে স্থিতিশীল, রেমিট্যান্স প্রবাহ বেড়েছে এবং রিজার্ভেও ধীরে ধীরে উন্নতি হচ্ছে বলে জানিয়েছে বাংলাদেশ ব্যাংক।

বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক (মুদ্রানীতি বিভাগ) ড. এজাজুল ইসলাম বলেন,

“মূল্যস্ফীতি, বিনিময় হার, রিজার্ভ, কর্মসংস্থানসহ অর্থনীতির বিভিন্ন দিক বিশ্লেষণ করে মুদ্রানীতি গঠন করা হবে। মূল লক্ষ্য থাকবে মূল্যস্ফীতি কমিয়ে আনা।”

অর্থনীতিবিদরা বলছেন, মূল্যস্ফীতির বিরুদ্ধে শুধু সুদের হার বাড়িয়ে লড়াই যথেষ্ট নয়। প্রয়োজন বাজার নিয়ন্ত্রণে কঠোর ব্যবস্থা ও বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরি।

বাংলাদেশ ব্যাংকের সাবেক প্রধান অর্থনীতিবিদ ড. মুস্তফা কে মুজেরি বলেন,

“বিনিয়োগ, প্রবৃদ্ধি ও কর্মসংস্থান না বাড়াতে পারলে জনদুর্ভোগ বাড়বে। মুদ্রানীতিতে তা মাথায় রাখতে হবে।”

উল্লেখ্য, ২০০৬ সাল থেকে প্রতি বছর দুই দফায় মুদ্রানীতি ঘোষণা করা হলেও ২০১৯ সাল থেকে তা একবারে সীমাবদ্ধ করা হয়। তবে ২০২২-২৩ অর্থবছর থেকে আবার বছরে দুইবার মুদ্রানীতি ঘোষণা শুরু করেছে কেন্দ্রীয় ব্যাংক।

বাংলাদেশ ব্যাংক মুদ্রানীতি অর্থনীতি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 23:41

URL: <https://www.timestodaybd.com/economy/7484233884>